www.facebook.com/purbottar

Bengali fortnightly newspaper

www.purbottar.in RNI No. 71057/96

পূর্বোত্তর

১৯৯৬ সন থেকে প্রকাশিত

৮০০ কোটি টাকার ব্যবসায় নজর ভাদিলালের

বিজ্ঞপ্তি

আপনাদের গল্প, কবিতা, লেখা, চিত্র আমাদের contact@purbottar.in-এ ই-মেইল অথবা, 95932 00246 নাম্বারে হোয়াটস্ অ্যাপ করুন।

বর্ষঃ ২৫, সংখ্যাঃ ০৮, কোচবিহার, শুক্রবার, ২৩ এপ্রিল-৬ মে ২০২১, পৃষ্ঠা সংখ্যাঃ ৮ | Vol:25, Issue: 8th, Cooch Behar, Friday, 23 April - 6 May 2021, Page: 8 ₹ 3.00

কবির মৃত্যুতে
শোকস্তব্ধ সাহিত্যমহল



শোকপ্রকাশ করেছেন শীর্ষেন্দু মুখোপাধ্যায়, সমরেশ মজুমদার, বুদ্ধদেব গুহ-রা। স্মৃতিচারণায় উঠে এসেছেন এক 'অন্য অচেনা' শঙ্খ ঘোষ। প্রয়াত হলেন বিশিষ্ট কবি শঙ্খ ঘোষ। বয়স হয়েছিল ৮৯। আজীবন জীবনযুদ্ধে জয়ী হয়েও শেষপর্যন্ত তাঁকে হার মানতে হলো করোনার কাছে। এমনিতেই দীর্ঘদিন ধরে বার্ধক্যজনিত সমস্যায় ভুগছিলেন এই কিংবদন্তি কবি। এরপর গায়ে জ্বর থাকায় গত সপ্তাহেই করোনা পরীক্ষা করান তিনি। ১৪ এপ্রিলে আসা সেই পরীক্ষার রিপোর্টে জানা যায় তিনি করোনায় আক্রান্ত। এরপর কোনও ঝুঁকি না নিয়ে নিজের বাড়িতেই নিভৃতবাসে চলে গেছিলেন তিনি। তাঁর শারীরিক অবস্থা স্থিতিশীল থাকলেও গত মঙ্গলবার রাত থেকেই অবস্থার অবনতি হতে শুরু করে। এরপর এদিন সকালে প্রয়াত হন শঙ্খ ঘোষ।

উত্তরবঙ্গজুড়ে বজ্রবিদ্যুৎ সহ প্রবল ঝড়ের তাণ্ডব

শিলিগুড়ি: বৃহস্পতিবার সকালে উত্তরবঙ্গজুড়ে বজ্রবিদ্যুৎ সহ প্রবল ঝড়বৃষ্টি শুরু হয়। প্রায় আধ ঘণ্টা ধরে চলে ঝড়ের তাণ্ডব। ঝড়ের আগে ঘন কালো মেঘে ঢেকে গিয়েছিল চারদিক। শিলিগুড়ির কলেজপাড়া, সেবক রোড, বর্ধমান রোড সহ বেশ কিছু এলাকায় ঝড়ের দাপটে গাছ ভেঙে পড়েছে। কিছু এলাকায় তার ছিঁড়ে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন হয়ে পড়েছে। পাশাপাশি জাতীয় সড়কে মাল্লাগুড়ির কাছে গাছ পড়ে রাস্তায় বন্ধ হয়ে যায়। ফলে সাময়িকভাবে ব্যহত হয় যান চলাচল।

পশ্চিমবঙ্গের প্রাপ্তবয়স্ক সকলকেই
বিনামূল্যে টিকা দেবে রাজ্য সরকার

দক্ষিণ দিনাজপুর: বৃহস্পতিবার দক্ষিণ দিনাজপুরের তপনের জনসভা থেকে ও ট্যুইটারে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে তুলোধনা করেন তৃণমূল নেত্রী। বলেন, 'বিজেপি মুখে বলবে এক দেশ এক নীতি, আর টিকার বেলায় কেন্দ্র, রাজ্য, বেসরকারি ভাগাভাগি করবে! ' শুধু তাই নয়, জাতি-ধর্ম-বয়স নির্বিশেষে সবাইকে একই দামে টিকা দেওয়ার দাবিও তোলেন মমতা। যদিও আগেই করোনার দ্বিতীয় ঢেউকে 'ম্যন মেড নয়, এটা মোদি মেড ডিজাস্টার' বলে আক্রমণ শানিয়েছিলেন তিনি। এদিন তা নিয়ে আরও সুর চড়ালেন তিনি। এদিনের প্রচার সভা থেকে সরাসরি প্রধানমন্ত্রীকে আক্রমণ করে তৃণমূল নেত্রী বলেন, 'করোনা পরিস্থিতি বাড়িয়ে দিয়ে এখন উনি জনগণের উপরে ছেড়ে দিচ্ছেন। এটা হতে পারে না। এটা ম্যান মেড ডিজাস্টার নয়, এটা মোদি মেড ডিজাস্টার। আমি আগেও বলেছি বহিরাগত এনে ওরা এখানে রোগ ছড়াচ্ছে।'

মঙ্গলবারই নরেন্দ্র মোদিকে লেখা চিঠিতে কেন্দ্রের করোনা নীতিকে অন্তসারশূন্য বলে আক্রমণ শানিয়েছিলেন মমতা। তাঁর সাফ যুক্তি, বাজারে এখনও প্রয়োজন অনুযায়ী ভ্যাকসিন নেই, সারগর্ভ কথা না বলে এ ব্যপারে অবিলম্বে দায়িত্ব নিতে হবে কেন্দ্রীয় সরকারকেই। মমতার আরও অভিযোগ, ১৮-র উর্ধ্বে টিকাকরণের সিদ্ধান্ত নিতে অনেকটাই দেরি করে ফেলেছে কেন্দ্র।

এরই মাঝে কোভিশিল্ড প্রস্তুতকারক সংস্থা সেরাম ইনস্টিটিউটের তরফে বলা হয়েছে, রাজ্য সরকারগুলিকে কোভিশিল্ডের প্রতিটি ডোজ ৪০০ টাকায় বিক্রি করা হবে। আর বেসরকারি হাসপাতালগুলির ক্ষেত্রে কোভিশিল্ডের প্রতি ডোজের দাম ধার্য করা হয়েছে ৬০০ টাকা। যদিও কেন্দ্র প্রতি ডোজ পাবে মাত্র ১৫০ টাকায়। সেরামের সেই বিজ্ঞপ্তি নিয়েই আরও ক্ষুব্ধ হয়েছেন মমতা।

এদিন তিনি বলেন, 'কেন্দ্র যদি ৬ মাস আগে থেকে রাজ্যগুলোকে টিকা দিত, তাহলে আর কারও করোনা হত না। আমি নরেন্দ্র মোদিকে বলেছিলাম, আমাকে ভ্যাকসিন দিন, আমি বিনা পয়সায় সবাইকে দেব। আর এখন বলছে ভ্যাকসিন নিজেরা জোগাড় করে নিন। কোথা থেকে পাব ভ্যাকসিন? আগেই তো সব টিকা বিদেশে পাঠিয়ে দেয়েছেন? এই করোনা পরিস্থিতির জন্য মোদিই দায়ী।' একই সঙ্গে পিএম কেয়ার্স নিয়ে এদিন প্রশ্ন তোলেন মমতা। বলেন, 'পিএম কেয়ার্স-এর টাকা দিয়েই দেশের মানুষকে বিনা পয়সায় টিকা দেওয়া যেত। কোথায় গেল সেই টাকা? হিসেব দিন।

ময়নাতদন্ত রিপোর্ট পেল পরিবার শীতলখুচিতে নিহতদের
একটি দেহে বুলেটের চিহ্ন নেই

শীতলখুচি: শীতলখুচি বিধানসভার ১২৬ নম্বর বুথে কেন্দ্রীয় বাহিনীর গুলিচালনার ঘটনায় নিহত ৪ জনের পরিবারের হাতে বুধবার সরকারি ভাবে ময়নাতদন্তের রিপোর্ট তুলে দেওয়া হল। সেই রিপোর্ট জানাচ্ছে, ৩ জনের মৃত্যুর কারণ বুলেটের আঘাত হলেও চতুর্থ ব্যক্তি সমিউল মিয়াঁ গুলিতে নিহত হননি। ময়নাতদন্তের রিপোর্ট জানাচ্ছে, সমিউলের বুকে স্প্লিন্টারের আঘাতের চিহ্ন রয়েছে। মাথায় রয়েছে শক্ত কোনও বস্তুর আঘাত। সমিউলের পাশাপাশি ওই ঘটনায় নিহত হয়েছিলেন স্থানীয় বাসিন্দা মণিরুল মিয়াঁ, হামিদুল মিয়াঁ এবং নুর ইসলাম মিয়াঁ। তাঁদের ৩ জনের দেহের বুলেটের ক্ষতচিহ্ন রয়েছে বলে ময়নাতদন্তের রিপোর্টে উল্লিখিত হয়েছে।

সেই জটলা কেন্দ্রীয় বাহিনীর নজরে এলে, জওয়ানেরা কী হয়েছে তা দেখতে যান। সে সময় স্থানীয়দের একাংশ ভেবে বসেন, কেন্দ্রীয় বাহিনীর আক্রমণেই ওই ভোটার অসুস্থ হয়ে পড়েছেন। এরপর গ্রাম থেকে প্রায় ৩০০ জনের একটি দল লাঠি এবং হাতে তৈরি অস্ত্রশস্ত্র নিয়ে কেন্দ্রীয় বাহিনীকে ঘেরাও কওে। পুলিশ সুপার জানান, উত্তেজিত জনতা চড়াও হওয়ায় ইভিএম এবং আগ্নেয়াস্ত্র ছিনতাই হয়ে যাওয়ার পরিস্থিতি তৈরি হয়। তাইকেন্দ্রীয় বাহিনী গুলি চালায়। সেই গুলিতে ৪ জনের মৃত্যু হয় এবং একজন আহত হন। কিন্তু ময়নাতদন্তের রিপোর্ট প্রকাশ্যে আসতেই নতুন তথ্য উঠে এল। কারণ, তাতে বলা হয়েছে, নিহতদের মধ্যে একজনের শরীরে বুলেটের আঘাত নেই। প্রশ্ন উঠছে, সমিউলের শরীরে স্প্লিন্টারের আঘাত কোথা থেকে এল? তাঁর মাথায় কী ভাবে আঘাত লাগলো? সেদিন ঠিক কী

বাংলার সভা বাতিল করলেন নরেন্দ্র মোদি

নয়াদিল্লি: কথা ছিল আগামিকাল শুক্রবার রাজ্যে পা রাখবেন তিনি। চারটি সমাবেশের সব পরিকল্পনা সারা হয়েছিল। শেষ মুহূর্তে সেই সভা বাতিল করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। জানিয়ে দিলেন, উচ্চপর্যায়ের করোনা বৈঠকের জন্য বাংলার জনসভায় উপস্থিত থাকা সম্ভব হবে না। বিজেপি সূত্রে খবর, এর পরিবর্তে কাল বিকেল পাঁচটায় বাংলার বিজেপি সমর্থকদের জন্য একটি ভার্চুয়াল সভায় অংশ নেবেন তিনি। তার আগে অন্তত তিনটি বৈঠক রয়েছে প্রধানমন্ত্রীর। শুক্রবার বঙ্গ ভোটপর্বে এই নিয়ে ১৩ তম বার মোদির সফর হওয়ার কথা ছিল। ঠিক ছিল, কোভিড বিধি মেনেই মাত্র ৫০০ মানুষের সামনে ভাষণ দেবেন তিনি।

HONDA MOBILE SERVICE IN SILIGURI

Get your Honda Water pump / Generator / Brushcutter / Tiller
Repaired at your Home by Honda Authorised dealer's Technicians

HONDA
POWER PRODUCTS
Service

Auth. Dealer: M/s Sunil Kumar Kundu
Kundu Bhawan, Bidhan Road, Siliguri, Mobile No : 9734000121

অ্যামাজনের উদ্যোগ: স্পটলাইট নর্থ ইস্ট

শিলিগুড়ি: অ্যামাজন ইন্ডিয়া ২৫০ মিলিয়ন ডলারের 'সম্ভব ভেঞ্চার ফান্ড' গড়ার কথা ঘোষণা করল। কোম্পানির ফ্ল্যাগশিপ ইভেন্ট 'সম্ভব'-এর উদ্বোধনী অধিবেশনে ঘোষণা করা হয়। ভেঞ্চার ফান্ডের অর্থ এসএমবি ডিজিটাইজেশন, এগ্রিকালচার ও হেলথকেয়ারের ক্ষেত্রে টেকনোলজি ইনোভেশনে আগ্রহী স্টার্টআপ ও শিল্পোদ্যোগের জন্য বিনিয়োগ করা হবে। ডিজিটাল ইন্ডিয়ার নবসম্ভাবনায় উদ্যোগী প্রযুক্তিনির্ভর স্টার্টআপে বিনিয়োগ করবে এই ভেঞ্চার ফান্ড। ভেঞ্চার ফান্ডের দৃষ্টি বিশেষভাবে নিবদ্ধ থাকবে এসএমবি-সমূহর (স্মল অ্যান্ড মিডিয়াম বিজনেসেস) ডিজিটাইজেশনে সেরা পরিকল্পনায় উৎসাহপ্রদানে ও কৃষিতে প্রযুক্তিচালিত উদ্ভাবনে সহায়তা প্রদানে যাতে কৃষকদের উৎপাদনশীলতা বৃদ্ধি পায় ও তাদের উৎপাদিত পণ্য গ্রাহকদের কাছে যেতে পারে এবং টেকনোলজি ব্যবহারের মাধ্যমে উচ্চমনের হেলথকেয়ার সকলের নাগালে পৌঁছাতে পারে।

একইসঙ্গে, অ্যামাজনের 'লোকাল শপস' কর্মসূচির আওতায় ২০২৫ নাগাদ অ্যামাজন ইন্ডিয়া মার্কেটপ্লেসে ১ মিলিয়ন অফলাইন রিটেলার ও পাড়ার দোকানকে অনলাইন ব্যবসায় সক্ষমতা প্রদান করার পরিকল্পনা ঘোষিত হয়েছে। উত্তরপূর্বাঞ্চলের আটটি রাজ্যের ৫০ হাজার আর্টিজান, উইভার ও স্মল বিজনেস'কে ২০২৫ নাগাদ অনলাইনে আনার জন্য অ্যামাজন আরম্ভ করেছে 'স্পটলাইট নর্থ ইস্ট' উদ্যোগ, যা চা, মশলা ও মধুর মতো সামগ্রীগুলির রপ্তানিতে বৃদ্ধি ঘটাবে।

এইসব নতুন উদ্যোগ গ্রহণের কথা ঘোষিত হয়েছে অ্যান্ডি জাসি (এডব্লিউএস সিইও অ্যান্ড ইনকামিং সিইও অব অ্যামাজন) ও অমিত আগরওয়ালের (গ্লোবাল সিনিয়র ভিপি অ্যান্ড কান্ট্রি হেড, অ্যামাজন ইন্ডিয়া) মধ্যে অ্যামাজন সম্ভবে এক ফায়ারসাইড চ্যাট চলাকালীন। ভারতে অফুরন্ত সম্ভাবনার দ্বার উন্মোচনের ব্যাপারে অ্যামাজনের দীর্ঘমেয়াদী পরিকল্পনার কথা তাঁরা পুণরায় জানিয়ে দিয়েছেন।

৮০০ কোটি টাকার ব্যবসায় নজর ভাদিলালের

শিলিগুড়ি: আইকনিক আইসক্রিম ব্র্যান্ড ভাদিলাল আইসক্রিম বিক্রয়ে ২০ শতাংশ বৃদ্ধি ঘটিয়ে অতিমারি-পূর্ব অবস্থায় ফিরে যাওয়ার দিকে লক্ষ্যস্থির করেছে। 'ওয়াহ্! ভাদিলাল!' ক্যাম্পেনের উদ্বোধনী অনুষ্ঠানে ভাদিলালের ব্র্যান্ড ডিরেক্টর আকাঙ্খা গান্ধি জানান, অতিমারির আগে ২০১৯-২০'তে ভাদিলাল ৬৫০ কোটি টাকার আইসক্রিম বিক্রয় করেছে। চলতি আর্থিক বৎসরে বিক্রয়ের পরিমাণ ৮০০ কোটি টাকা হবে বলে আশা করা হচ্ছে। ভাদিলালের প্রোমোটার গান্ধি পরিবারের তৃতীয় প্রজন্মের আকাঙ্খা বলেন, ভাদিলাল একটি ব্র্যান্ডের পরম্পরা। এরসঙ্গে নানা উপাদান, স্বাদ ও গন্ধের আইসক্রিমের রেঞ্জ জড়িত রয়েছে। ভাদিলাল গ্রাহকদের জন্য প্রিমিয়াম আইসক্রিমের যে রেঞ্জ এনেছে তা সকল প্রজন্মের কাছেই আদরণীয়। এজন্যই এককথায় বলা চলে: হর দিল বোলে ওয়াহ্! ভাদিলাল! আকাঙ্খা বলেন, রপ্তানিক্ষেত্রে ২০২০-২১ সালে আইসক্রিম ও অন্যান্য প্রসেসড ফ্রোজেন ফুডের টার্নওভার ২৫০ কোটি টাকা। এই অঙ্ক বর্তমান আর্থিক বৎসরে ৪০০ কোটি টাকায় পৌঁছে যাবে বলে আশা করা হচ্ছে।

নিউ হল্যান্ড ট্রাক্টর ৩২৩০ মডেল

কলকাতা: নিউ হল্যান্ড এগ্রিকালচারের জনপ্রিয় ৩২৩০ ট্রাক্টর মডেলের ২০তম বর্ষপূর্তি উদযাপন চলছে। ২০০১ সালে লঞ্চের পর থেকে দুই দশকে এই মডেলের পরম্পরা বজায় রেখে কয়েকটি ভেরিয়েন্ট আনা হয়েছে। নিউ হল্যান্ডের ৩২৩০ হল প্রথম মডেল যাতে কিছু লক্ষ্যণীয় ফিচার যোগ করা হয়েছে, যেমন লিফট-ও-ম্যাটিক, সাইড শিফট কনস্ট্যান্ট মেশ এএফডি গিয়ার বক্স, রিয়াল অয়েল ইমার্সড মাল্টিডিস্ক ব্রেকস (ওআইবি), সফটেক ক্লাচ, ইকোনমি পিটিও ইত্যাদি। এর পাওয়ারফুল ইঞ্জিন বিশ্বাসযোগ্য ও দীর্ঘস্থায়ী। ৩২৩০ মডেলের প্রোডাকশন শুরুর পর থেকে নিউ হল্যান্ড ৭৫,০০০-এরও বেশি ইউনিট বিক্রয় করেছে।

NEW HOLLAND 3230
20
সাল কা
উৎসব

এগ্রিকালচার মেশিনারির অন্যতম পথিকৃৎ নিউ হল্যান্ড এগ্রিকালচার ১২৫ বছর ধরে আস্থার প্রতীকরূপে গণ্য হয়ে চলেছে। এই কোম্পানির একটি আধুনিক ট্রাক্টর কারখানা রয়েছে গ্রেটার নয়ডায়, যেখানে তাদের অন্যান্য আন্তর্জাতিক কারখানার মতোই গুণমান বজায় রাখা হয়। ভারতে এই ব্র্যান্ডের গ্রাহকের সংখ্যা ৫ লক্ষেরও বেশি। এদেশে কোম্পানির কাস্টমার টাচপয়েন্টের সংখ্যাও ১০০০-এর অধিক।

oppo-র নতুন স্মার্টফোন - এ৫৪

গুয়াহাটি: অগ্রণী গ্লোবাল স্মার্ট ডিভাইস ব্র্যান্ড ওপ্পো ভারতে লঞ্চ্ করল নতুন স্মার্টফোন ওপ্পো এ৫৪। এর দাম ১৩৪৯০ টাকা থেকে শুরু। ওপ্পো এ৫৪ ফোনটিতে রয়েছে ৫০০০এমএএইচ ব্যাটারি, ১৮ডব্লিউ ফাস্ট চার্জিং, অক্টা-কোর প্রসেসর, ১৬.৫৫সিএম পাঞ্চ-হোল ডিসপ্লে, সুপার পাওয়ার সেভিং মোড, সুপার নাইট-টাইম স্ট্যান্ডবাই, অপ্টিমাইজড নাইট চার্জিং, মিডিয়াটেক হেলিয়ো পি৩৫ অক্টাকোর প্রসেসর, এলসিডি ডিসপ্লে চালিত এইচডি+ স্ক্রিন। এ৫৪ ফোনটির ওজন মাত্র ১৯২গ্রাম। এটি পাওয়া যাবে তিনটি কলারে - ক্রিস্টাল ব্ল্যাক, স্টারি ব্লু ও মুনলাইট গোল্ড। ফোনটিতে রয়েছে ফেস রেকগনিশন ও সাইড ফিঙ্গারপ্রিন্ট আনলক টেকনোলজি। রয়েছে তিনটি রিয়ার ক্যামেরা ১৩এমপি মেইন ক্যামেরা, ২এমপি ম্যাক্রো ক্যামেরা ও ২এমপি বোকে। এছাড়াও সেলফির জন্য রয়েছে ১৬এমপি ফ্রন্ট ক্যামেরা। ফোনে থাকা বিভিন্ন ফিচারের মধ্যে রয়েছে ব্যাকলাইট এইচডিআর, ড্যাজল কলার মোড, এআই সিন রেকগনিশন ও আল্ট্রা নাইট মোড। কলারওএস ৭.২ চালিত এ৫৪-এ আছে ব্ল্যাক স্ক্রিন মোড ও ফোটো ট্রানস্লেটর।

২০ এপ্রিল থেকে ওপ্পো এ৫৪ পাওয়া যাবে ফ্লিপকার্ট ও মেইনলাইন রিটেল আউটলেটগুলিতে। এর দাম এরকম: ৪জিবি র‍্যাম+ ৬৪জিবি রম - ১৩৪৯০ টাকা, ৪জিবি র‍্যাম +১২৮জিবি রম - ১৪৪৯০ টাকা এবং ৬জিবি র‍্যাম +১২৮জিবি রম - ১৫৯৯০ টাকা।

৫০ হাজার বুকিংয়ের মাইলস্টোন পেরিয়েছে নিসান ম্যাগনাইট

গুয়াহাটি: অল-নিউ নিসান ম্যাগনাইট গ্রাহকদের বিপুল সাড়া পেয়ে ৫০০০০ বুকিংয়ের মাইলস্টোন অতিক্রম করেছে ও ১০০০০ হোলসেল ডেলিভারি দিয়েছে। ২০২০ সালের ২ ডিসেম্বর লঞ্চের পর থেকে নিসান ম্যাগনাইটের এই সাফল্য। নিসান মোটর ইন্ডিয়ার ম্যানেজিং ডিরেক্টর রাকেশ শ্রীবাস্তব গ্রাহকদের দিক থেকে এই অভূতপূর্ব সাড়া দেখে অভিভূত। তিনি বলেন, বিগ বোল্ড বিউটিফুল কারিসম্যাটিক নিসান ম্যাগনাইট এইরকম সাফল্য পেয়েছে নিসান ব্র্যান্ডের প্রতি গ্রাহকদের ভালবাসার কারণে।

লঞ্চের পর থেকে অল-নিউ নিসান ম্যাগনাইটের ব্যাপারে খোঁজখবর নিয়েছেন ২,৭৮,০০০ জন, বুকিং হয়েছে ৫০০০০। বুকিংয়ের ১০ শতাংশ (৫০০০) হয়েছে ডিজিটাল প্লাটফর্ম থেকে এবং ৪৫,০০০ হয়েছে নিসান ডিলারশিপগুলির মাধ্যমে। প্রায় ১৫ শতাংশ বুকিং হয়েছে সিভিটি মডেল ও প্রায় ৬০ শতাংশ বুকিং হয়েছে এক্সভি ও এক্সভি প্রিমিয়ামের মতো টপ-এন্ড মডেলগুলি। নতুন নিসান ম্যাগনাইট পাওয়া যাচ্ছে ২০টি গ্রেড লাইনআপে এবং ৩৬টি কম্বিনেশনে।

কর্পোরেট এজেন্সি এগ্রিমেন্ট

কোচবিহার : ভারতের অন্যতম অগ্রণী জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানি এসবিআই জেনারেল ইন্স্যুরেন্স এবং উত্তরবঙ্গের অন্যতম মুখ্য ব্যাংক উত্তরবঙ্গ ক্ষেত্রীয় গ্রামীন ব্যাংক এক কর্পোরেট এজেন্সি এগ্রিমেন্ট স্বাক্ষর করেছে। এরফলে, এসবিআই জেনারেলের রিটেল প্রোডাক্টগুলি পশ্চিমবঙ্গে উত্তরবঙ্গ ক্ষেত্রীয় গ্রামীন ব্যাংকের নেটওয়ার্কের মাধ্যমে বিতরিত হতে পারবে। এসবিআই জেনারেল ইন্স্যুরেন্স এই স্ট্রাটেজিক টাই-আপ এগ্রিমেন্টের আওতায় জেনারেল ইন্স্যুরেন্স প্রোডাক্টের এক কম্প্রিহেন্সিভ রেঞ্জ প্রদান করতে সক্ষম হবে।

এসবিআই জেনারেল ইন্স্যুরেন্সের হেড-ব্যাংকঅ্যাস্যুরেন্স সমীর ছাবরা জানান, এই চুক্তির ফলে উত্তরবঙ্গ ক্ষেত্রীয় গ্রামীন ব্যাংকের ১৪২টিরও বেশি শাখার মাধ্যমে আরও বেশি মাত্রায় বীমাকরণ সম্ভব হবে বলে তারা আশাবাদী। অন্যদিকে, উত্তরবঙ্গ ক্ষেত্রীয় গ্রামীন ব্যাংকের জেনারেল ম্যানেজার ডি কে সিং বলেন, এসবিআই জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেডের সঙ্গে এই টাই-আপের ফলে তারা তাদের গ্রাহকদের এক বিস্তৃত রেঞ্জের নন-লাইফ ইন্স্যুরেন্স প্রোডাক্ট প্রদান করতে পারবেন।



সম্পাদকীয়

কোভিড-১৯ ও বর্তমান পরিস্থিতি

দেশজুড়ে করোনার দ্বিতীয় ঢেউ। বিগত বছরের সকল রেকর্ড ভেঙে ক্রমশ ঊর্ধ্বমুখী করোনার গ্রাফ। ভারতে দৈনন্দিন করোনা সংক্রমণের সংখ্যা এবার ৩ লক্ষেরও বেশি।

কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রকের পরিসংখ্যান অনুসারে জানা যাচ্ছে, দেশে মোট করোনা আক্রান্তের সংখ্যা ১ কোটি ৫৯ লাখ ৩০ হাজার ৯৬৫। কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রকের রিপোর্ট অনুযায়ী এই মুহূর্তে দেশে অ্যাক্টিভ কেসের সংখ্যা ২২ লাখ ৯১ হাজার ৪২৮ জনের।

আগামী ১লা মে থেকে ১৮ বছর ঊর্ধ্ব সকলকে ভ্যাকসিন দেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন কেন্দ্রীয় সরকার। এছাড়াও প্রধানমন্ত্রী জানিয়েছেন যে রাজ্যগুলিতে লকডাউন একেবারে শেষ বিকল্প।

এদিকে, করোনাভাইরাসের একাধিক প্রজাতির বিরুদ্ধে লড়াই চালাতে পারবে কোভ্যাক্সিন (Covaxin) তা জানিয়ে দেন ICMR। ICMR-র এর গবেষণায় পরিলক্ষিত হয় যে, করোনার একাধিক প্রজাতিকে বিনাশ করতে সক্ষম কোভ্যাক্সিন। যে হারে দেশজুড়ে সংক্রমণ ছড়াচ্ছে, তার থেকে নিস্তার পেতে ভ্যাকসিনেশন ই একমাত্র উপায় তা জানিয়ে দেন স্বাস্থ্যমন্ত্রক। অন্যদিকে, ভ্যাক্সিনেশন-এর পর বিভিন্ন রকমের পার্শ্বপ্রতিক্রিয়া দেখা দিচ্ছে , যা বর্তমান অবস্থায় যথেষ্ট উদ্বেগের কারণ হয়ে দাঁড়িয়েছে।।

এদিকে বাংলায় অষ্টম দফার ভোট যুদ্ধ চলছে, রাজ্যজুড়ে রাজনৈতিক দলগুলোর ভোট প্রচার এর ফলে সৃষ্টি হচ্ছে সুবিশাল জমায়াতের। যা অত্যন্ত চিন্তার কারণ হয়ে উঠছে। অষ্টম দফার ভোট প্রক্রিয়া কমিয়ে দেওয়ার জন্য মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি নির্বাচন কমিশনের কাছে সুপারিশ জানান, কিন্তু নির্বাচন কমিশন তা খারিজ করে দেন।।

অন্যদিকে বাম কংগ্রেস এবং আই এস এফ জোট সাধারণ মানুষের কথা মাথায় রেখে বিশাল জমায়েতের মধ্যে ভোট প্রচার বন্ধ রেখেছে।

-চিরন্তন নাহা

বিভেদের বিরুদ্ধে বিবেকানন্দ

সাম্প্রতিক সময়ে একদল উগ্রবাদী বিবেকানন্দকে ‘আমাদের লোক’ বলে প্রতিপন্ন করার জন্য উঠেপড়ে লেগেছেন। অথচ বিবেকানন্দের জীবন ও রচনার দিকে চোখ রাখলে দেখা যাবে তিনি আদৌ সেই উগ্রমতবাদীদের চেনা ছকে আঁটছেন না; আক্ষরিক অর্থেই তিনি ছকভাঙা। বরং আজ বিভিন্ন বিভেদের ভিত্তিতে ক্ষমতা আর কর্তৃত্বের দম্ভের যে প্রকাশ আমরা অহরহ দেখছি, তার বিরুদ্ধে আমাদের সহায় হতে পারেন বিবেকানন্দ। বিভিন্ন বিভেদের বিরুদ্ধে মুখর এই বিবেকানন্দই আজ আমাদের স্মর্তব্য। আজকের ভারতে ক্ষমতার লোকেদের ‘আমরা-ওরা’র অপরীকরণের প্রয়াসে যে-সব ভেদাভেদ প্রকট হয়ে উঠেছে তার মধ্যে রয়েছে ধর্মগত, জাতপাতভিত্তিক এবং লিঙ্গগত বিভেদ। বিবেকানন্দের লেখা থেকে এসমস্ত বিভেদের বিরুদ্ধে লড়াই করার রসদ পাই আমরা। ধর্মপ্রসঙ্গে তিনি স্পষ্ট বলেছেন, 'আমরা মানবজাতিকে সেই স্থানে লইয়া যাইতে চাই, যেখানে বেদও নাই, বাইবেলও নাই, কোরানও নাই; অথচ বেদ, বাইবেল ও কোরানের সমন্বয় দ্বারাই ইহা করিতে হইবে। মানবকে শিখাইতে হইবে যে, সকল ধর্ম ‘একত্বরূপ সেই একধর্ম’-এরই বিবিধ প্রকাশ মাত্র...। তিনি আশা করেছেন, ধর্মীয় সমন্বয়ের মাধ্যমে দেশগঠনের। ১৮৯৮ সালে প্রকাশিত তাঁর এই সমন্বয়বাদী ভাবনা এই বহুধর্মের দেশে, আজ এই ২০২১-এ, তাঁর ১৫৮তম জন্মদিনেও কি যথেষ্ট প্রাসঙ্গিক নয়? জাতপাতের বিরুদ্ধে তাঁর বহুপ্রচলিত ভাষণ 'হে ভারত, ভুলিও না- নীচজাতি, মূর্খ, দরিদ্র, অজ্ঞ, মুচি, মেথর তোমার রক্ত, তোমার ভাই। হে বীর সাহস অবলম্বন কর, সদর্পে বল- আমি ভারতবাসী, ভারতবাসী আমার ভাই। বল- মূর্খ ভারতবাসী, দরিদ্র ভারতবাসী, ব্রাহ্মণ ভারতবাসী, চণ্ডাল ভারতবাসী আমার ভাই।' আমরা কি ভুলতে পারি? নিম্নবর্ণের মানুষদের প্রতি অন্যায়-অবিচার-অনাচারের কথা শুনলে আজও কি আমাদের মনে পড়ে না এই বিবেক-বাণী? আর এক বিভেদের শিকার নারী। এক্ষেত্রেও স্মর্তব্য বিবেকানন্দের কথা; 'জগতের কল্যাণ স্ত্রীজাতির অভ্যুদয় না হইলে সম্ভাবনা নাই, এক পক্ষে পক্ষীর উত্থান সম্ভব নহে।' নারী-পুরুষ সমানাধিকারের এই ভাবনা লিঙ্গগত বিভেদের বিরুদ্ধে লড়াইয়ের আয়ুধ হতে পারে। বিবেকানন্দের সীমাবদ্ধতা নিশ্চয়ই ছিল। তাঁর বিজ্ঞানভাবনায় এমন অনেক স্বদেশ-অস্মিতার কথা রয়েছে যাকে আজ ব্যবহার করছে ক্ষমতার লোকেরা। এ-বিষয়ে আমাদের অবশ্যই সতর্ক থাকতে হবে। এক্ষেত্রে আমাদের অবশ্যস্মরণীয় মিথমুক্ত বিবেকানন্দ। তবে ১৮৯৩-তে শিকাগো ধর্ম মহাসভায় তাঁর ভাষণের সমাদর ব্রিটিশের জাতিগত বৈষম্যের বিরুদ্ধে ভারতীয়দের স্বদেশপ্রেমকে যে প্রাণিত করেছিল তাই বা অস্বীকার করা যাবে কী কওে? আর বিবেকানন্দের আর একটা বড় কাজও এই অবকাশে স্মরণযোগ্য। তা হল রামকৃষ্ণ মঠ ও মিশনের প্রতিষ্ঠা (১৮৯৭)।

WORLD Earth Day 2021

সারা বিশ্বে ২২ এপ্রিল দিনটিকে বিশ্ব ধরিত্রী দিবস হিসেবে পালন করা হয়। পরিবেশ ও প্রকৃতি রক্ষার মাধ্যমে ধরিত্রীকে টিকিয়ে রাখাই হল এই দিনটির লক্ষ্য। ধরিত্রী শব্দটি এসেছে 'ধরনী' বা ধরা থেকে,যার অর্থ হল পৃথিবী। আর এই পৃথিবীকে ধ্বংসের হাত থেকে রক্ষার জন্য সর্বসমেত ধার্য করা একটি বিশেষ দিনই হল 'ধরিত্রী দিবস'।

শব্দজব্দ-১০২

■	১		২			৩	■	■
■		■		■	■	৪		৫
৬				■	■		■	
	■	■		■	৭			
	■	■	■	■	■	■	■	
৮		৯		■	১০	■	■	
	■		■	■	১১		১২	
১৩			■	■		■		■
■	■	১৪						■

সূত্র পাশাপাশি ১। বিপদে উদ্ধারকর্তা ৪। গর্ব, জাঁক ৬। বিদ্যুতের ছটার মতো দীপ্তিবিশিষ্ট ৭। আকাশি ৮। তোষামোদকারী; পরাশ্রয়ী ১১। (অল্প) অসংখ্য ১৩। বারবার দাবি বা অনুরোধ ১৪। যুদ্ধরত।

সূত্র উপর-নীচ ১। অবিবাহিত ২। ছোটো পাল্লা ৩। চিহ্নমাত্র ৫। বিশ্ববিদ্যালয় ৬. পরম উৎকর্ষ ৯। বায়ুকুক্ত ও অর্থলিপ্সু ব্যক্তি ১০। সুস্থাদি ১২। নগরলক্ষ্মী; প্রহরী।

সমাধান ঃ শব্দজব্দ-১০১



হা	জা	রো	■	দু	■	প	র	ব
জ	■	চ	তু	ষ	পা	র	■	র্জি
ত	ব	ক	■	স্ব	■	মা	■	ত
■	র	■	ছি	রি	স্থী	দ	■	■
খাঁ	জ	রা	■	■	■	র	সি	দ
■	■	জ	ভূ	স	ভূ	■	পা	■
ক	■	প্রো	■	ং	■	ফা	ই	ট
ক্ষা	■	ডি	ম	স্যা	প	র	■	জ্ঞ
ন	লি	ত্রা	■	র	■	ম	স্তু	র

বাঘ বাড়ছে সুসংবাদ, যথেষ্ট বন আছে তো?

৩০% হারে বাঘ বেড়েছে। এটা ভুল ব্যাখ্যা। প্রথমত বাঘের সংখ্যা ২,২২৬ থেকে ২,৯৬৭ হয়েছে চার বছরে। আর জনসংখ্যা বাড়ে জটিল সুদের হারে। ফলে বৃদ্ধির হার আমরা বলছি বছরে ৬%। আর একটা বিষয়, অনেককেই বলতে শুনেছি, ২০২২ সালে দ্বিগুণ বাঘ থাকবে ভারতে, কেউ কেউ আবার বলছেন, আমাদের দেশে ১০ হাজার বাঘ থাকবে। কিন্তু সেটা সম্ভব নয়। অবাস্তব। থাকার জায়গা কোথায়? আমাদের দেশের জঙ্গল কোনও দিন খালি ছিল না। মানুষ থাকে। সব জায়গায় খাবারও নেই। খাবার নেই বলেই বাঘ ৫০০-৬০০ কিলোমিটার দূরে দূরে চলে যাচ্ছে। যদি পুরুষ বাঘ হয়, দুটো জিনিসের জন্য সে ঘুরে বেড়ায়। এক, খাবার। দুই, স্ত্রী বাঘ। কিন্তু স্ত্রী বাঘ খাবার পেলে আর বাচ্চাকে রাখার মতো ঠিকঠাক জায়গা পেলেই নিজের এলাকা বানিয়ে ফেলে।

আমার মনে হয়, আর চারশো-পাঁচশোর বেশি বাঘ রাখার জায়গা পাওয়া যাবে না। সংখ্যাটা টেনেটুনে চার হাজার পর্যন্ত যেতে পারে। কিন্তু সেটা সর্বোচ্চ সীমা। তাতেও মানুষের সঙ্গে, অন্য বন্য প্রাণীর সঙ্গে দ্বন্দ্ব তৈরি হবে। এত বড় ক্যামেরা ট্র্যাপিং আগে কখনও আমরা ব্যবহার করিনি। এটা ঠিকই, অনেকে ভেবেছিলেন, আরও বাঘ পাওয়া যাবে। কিন্তু সে তো আশার কথা। আশা মানুষ করতেই পারে। বাস্তব আমরা দেখতে পাচ্ছি। বাঘ বাড়ছে না, এমন কিন্তু নয়। এই আলোচনায় একটি হল সংখ্যা, আর একটি হল টার্নওভার। এখন যা বাঘ আছে, চার বছরে এদের অনেকে থাকবে না, নতুন জন্মাবে, শেষে সংখ্যাটা একই থেকে যাবে। জনঘনত্ব বাড়বে না, কারণ জায়গা নেই। সুন্দরবনও এখন সম্পৃক্ত। ভারতের সুন্দরবনের বাঘ বাংলাদেশে যাচ্ছে, বাংলাদেশের বাঘ ভারতে আসছে। এটা চলতে থাকবে। কিন্তু ভারতের সীমানার বাঘ এ দিকে কোথায় আসবে? জায়গাই নেই। তাই আর বৃদ্ধির সম্ভাবনা নেই।

বাংলাতেও বাড়ছে করোনা সংক্রমণ

মালবাজার: গোটা দেশের সঙ্গে পাল্লা দিয়ে বাংলাতেও বাড়ছে করোনা সংক্রমণ (Corona in West Bengal)। দৈনিক সংক্রমণ দশ হাজারের গণ্ডী ছুঁয়ে ফেলেছে প্রায়। কিন্তু বাংলাতে এখনই লকডাউন হবে না বলে স্পষ্ট করে দিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এমনকী মঙ্গলবার করোনা পরিস্থিতি নিয়ে জাতির উদ্দেশে ভাষণ দিয়ে দেশে যাতে আর লকডাউন না করতে হয়, তার জন্য অনুরোধ করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। কিন্তু বাংলার মধ্যেই ডুয়ার্সের মালবাজার এলাকায় চালু হয়ে গেল নাইট লকডাউন। এলাকায় করোনার মারাত্মক বাড়বাড়ন্তের কারণেই এই সিদ্ধান্ত নিয়েছে ডুয়ার্সের মাল মহকুমার মালবাজার এলাকায় পুর কর্তৃপক্ষ। মঙ্গলবার থেকে অনির্দিষ্টকালের জন্য নৈশ লকডাউনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। নির্দেশিকা অনুযায়ী, সন্ধ্যে ৭টা থেকে সকাল ৭টা পর্যন্ত জরুরি পরিষেবা ছাড়া আর সমস্ত কিছুই বন্ধ থাকবে। এদিকে গোটা জলপাইগুড়িতেই করোনা সংক্রমণ ক্রমেই বাড়ছে। রীতিমতো আতঙ্কিত জেলার বাসিন্দারা। এরপরই করোনা মোকাবিলায় তৎপর হয়েছে জলপাইগুড়ি জেলা প্রশাসন। মঙ্গলবার দুপুরে স্বাস্থ্যকর্তা ও বিডিও দের নিয়ে জেলার করোনা পরিস্থিতি নিয়ে বৈঠকে বসেন জলপাইগুড়ির জেলাশাসক মৌমিতা গোদারা বসু। আর সেই বৈঠকেই, জেলার চা বাগানগুলিতে আলাদা কোভিড হাসপাতাল গড়ার পাশাপাশি জলপাইগুড়ির করোনা হাসপাতালেও অতিরিক্ত ২০০ শয্যা বাড়ানো হয়েছে। ইতিমধ্যেই একটি কোভিড হাসপাতাল আছেই, আরও একটি হাসপাতাল তাতে সংযুক্ত হল। উদ্বেগ বাড়িয়ে রাজ্যে করোনা আক্রান্তের সংখ্যা প্রায় দশ হাজার ছুঁয়ে ফেলেছে। গত চব্বিশ ঘণ্টায় রাজ্যে নতুন করে করোনায় আক্রান্ত হয়েছেন ৯,৮১৯ জন। তবে গত চব্বিশ ঘণ্টায় রাজ্যে ৫০ হাজারের বেশি নমুনা পরীক্ষা হয়েছে। যা গত কয়েকদিনের তুলনায় অনেকটাই বেশি। ফলে টেস্ট বাড়ায় আরও বেশি সংখ্যক করোনা আক্রান্তকে চিহ্নিত করা সম্ভব হয়েছে।

মঙ্গলের মাটি ছুঁয়ে ইতিহাস তৈরি করল 'Ingenuity'

মহাকাশবিজ্ঞানের গবেষণার ক্ষেত্রে প্রতিদিনই একটু-একটু করে নতুন অর্জন এগিয়ে দিচ্ছে মানবজাতিকে। যেমন এগিয়ে দিল নাসার মিনিয়েচার রোবট।

Nasa-র Miniature Robot Helicopter, যার নাম Ingenuity, সেটি সফল ভাবে মঙ্গলপৃষ্ঠে অবতরণ করতে পারল। কোনও একটি গ্রহের ভূমিপৃষ্ঠে এটিই প্রথম এ-জাতীয় কোনও যানের (aircraft) অবতরণ। এই যানটির উড়ানের সঙ্গে অবশ্য ছোট্ট একটি ইতিহাস জড়িত। এই গ্রহে প্রথম উড়োজাহাজের রূপকার রাইট ভ্রাতৃদ্বয়কে (Wright Brothers moment) শ্রদ্ধা জানিয়েই এই উড়ানের পরিকল্পনা নাসার। লাল গ্রহের (Red Planet) এই সাফল্য এরপর এই ধরনের আরও নতুন অ্যাডভেঞ্চারের রাস্তা খুলে দেবে। নাসার তরফে জানানোও হয়েছে, Mars-এর এই অভিজ্ঞতা কাজে লাগিয়ে solar system-এর আরও নানা রহস্যভেদ সম্ভব হবে। হয়তো কোনও দিন Venus ev Saturn-এর চাঁদ-এর রহস্যভেদও সম্ভব হবে।

মহিলাকর্মী সংখ্যা দ্বিগুণ করবে কেএফসি

শিলিগুড়ি : কেএফসি ইন্ডিয়া'র তরফে 'কেএফসি ক্ষমতা' প্রোগ্রাম শুরু করার কথা ঘোষণা করা হল। এই প্রোগ্রামের মাধ্যমে ২০২৪ নাগাদ লিঙ্গ ও সক্ষমতা সংক্রান্ত বৈষম্য দূর করে কেএফসি রেস্টুরেন্টগুলিকে দ্বিগুণ ক্ষমতায়িত করা হবে মহিলা কর্মীর সংখ্যায় দ্বিগুণ বৃদ্ধি ঘটিয়ে। একইসঙ্গে, মূক ও বধির কর্মীচালিত 'স্পেশাল কেএফসির'র সংখ্যাও দ্বিগুণ করা হবে। এছাড়াও, কেএফসি ব্র্যান্ডের তরফে দেশে নির্বাচিত ফ্ল্যাগশিপ 'স্পেশাল কেএফসি' চালু করা হবে বিশেষভাবে সক্ষম কর্মী ও গ্রাহকদের জন্য। এই প্রোগ্রামের জন্য সংশ্লিষ্ট টিম মেম্বারদের প্রশিক্ষণ ও উন্নয়নে জোর দেওয়া হচ্ছে। 'কেএফসি ক্ষমতা' প্রোগ্রামের মধ্য দিয়ে ২০২৪ সাল নাগাদ ৫০০০-এরও বেশি মহিলা টিম মেম্বার সংগ্রহ ও ৭০টি স্পেশাল কেএফসি পরিচালনায় উদ্যোগী হয়েছে কেমফসি।

হাতির আক্রমনে মৃত্যু এক

আলিপুরদুয়ার: বুধবার গভীর রাতে হাতির হানায় মৃত্যু হল আলিপুরদুয়ার ১ নং ব্লক উত্তর সিধাবাড়ি এলাকার বাসিন্দা সন্টু বর্মনের। তিনি বাড়িতে একাই থাকেন। জানাগেছে বৃহস্পতিবার সকাল নাগাদ স্থানীয় বাসিন্দারা সন্টু বর্মন কে ক্ষতবিক্ষত অবস্থায় বাড়ির পাশে পরে থাকতে দেখেন। গায়ে কম্বল- মশারি জরানো। সন্টু বর্মন কে ওই অবস্থায় পড়ে থাকতে দেখে তাদের সন্দেহ হয়। সামনে এগিয়ে দেখেন তার বাড়ির বেড়া ভাঙ্গা। ঘরের ভেতর সমস্তকিছু তছনছ হয়ে পড়ে রয়েছে। সেই দেখেই তাদের অনুমান হয় গতকাল গভীর রাতে হাতির আক্রমনেই সন্টু বর্মনের মৃত্যু হয়েছে। প্রাথমিক ভাবে অনুমান গতকাল রাতে খাবারের খোঁজে এসে কম্বল- মশারি জরানো অবস্থায় সন্টু বর্মন কে বিছানা থেকে টেনে বের করে, এবং পায়ে পিষ্ট করে মেওে ফেলে।

ভোটের আগে রাতভর গুলি চোপড়ায়, রিপোর্ট তলব কমিশনের

মাটিতে পড়ে গুলির খোল।

ষষ্ঠ দফার ভোটগ্রহণ শুরুর কয়েক ঘণ্টা আগে বুধবার গভীর রাতে গুলি চলল উত্তর দিনাজপুর জেলার চোপড়া বিধানসভা এলাকায়। সেখানকার চুটিয়াখোর এলাকায় গভীর রাতে বাইকবাহিনী তাণ্ডব চালিয়েছে বলে অভিযোগ গ্রামবাসীদের। গ্রামবাসীরা জানিয়েছেন, রাতে এলোপাথারি গুলি চালিয়েছে দুষ্কৃতীরা। এই এলাকার মানুষ গত পঞ্চায়েত নির্বাচনেও ভোট দিতে পারেননি বলে অভিযোগ। তখনও ভোট দিতে না যাওয়ার জন্য হুমকি দেওয়া হয়েছিল বলে বৃহস্পতিবার জানিয়েছেন গ্রামবাসীরা। তবে বুধবার রাতের অন্ধকারে কারা গুলি চালিয়েছে, তারা কোনও দলের আশ্রিত কি না সে ব্যাপারে কিছুই বলতে পারেননি গ্রামবাসীরা। তবে এই ঘটনার জেরে সকাল থেকেই ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে ওই এলাকায়। গ্রামে বেশ কয়েকটি গুলির খোল পড়ে থাকতে দেখা গিয়েছে। প্রচুর কেন্দ্রীয় বাহিনী এবং পুলিশ মোতায়েন করা হয়েছে সেখানে। ভোটদানও শুরু হয়েছে। গুলিচালনার ঘটনা নিয়ে উত্তর দিনাজপুর জেলা প্রশাসনের থেকে রিপোর্ট তলব করেছে নির্বাচন কমিশন।

রায়গঞ্জে ভোটারদের উপর লাঠিচার্জের অভিযোগ কেন্দ্রীয় বাহিনীর বিরুদ্ধে

রায়গঞ্জ: রায়গঞ্জে ভোটারদের মারধরের অভিযোগ উঠল কেন্দ্রীয় বাহিনীর বিরুদ্ধে। অভিযোগ বাহিনীর লাঠির হাত থেকে রেহাই পাননি মহিলা এবং শিশুরাও। এই ঘটনায় ক্ষোভ ছড়িয়েছে স্থানীয় বাসিন্দাদের মধ্যে। যদিও এমন কোনও ঘটনার কথা এখনও পর্যন্ত উল্লেখ করেনি কমিশন। রায়গঞ্জ বিধানসভার বাহিন গ্রামপঞ্চায়েতের লহুজগ্রামের বাসিন্দাদের একাংশের অভিযোগ, কেন্দ্রীয় বাহিনী তাঁদের উপর লাঠিচার্জ করেছে। স্থানীয় তৃণমূল নেতাদের বক্তব্য, বুথ থেকে ১০০ মিটার দূরে তাঁদের কার্যালয়ে দলীয় কর্মী এবং ভোটারদের ভিড় জমেছিল। সে সময় দায়িত্বে থাকা পুলিশ কর্মীরা তাঁদের সরে যেতে নির্দেশ দেন। তা না মানায়, কেন্দ্রীয় বাহিনী এসে লাঠিচার্জ করে। ভাঙচুর করা হয় তৃণমূলের নির্বাচনী কার্যালয়ও। লাঠিচার্জে শিশু এবং মহিলা-সহ কয়েক জন গ্রামবাসী আহত। ঘটনাকে কেন্দ্র করে লহুজগ্রামে উত্তেজনা ছড়ায়। ঘটনাস্থলে যায় পুলিশও।

COVID-19 ভ্যাকসিন নেওয়ার পর কতদিন থাকবে টিকার প্রভাব□ যা যা জানা জরুরি...

COVID 19
Coronavirus Vaccine

কোভিডের টিকা নিয়ে নানা তত্ত্ব ঘুরছে। তার মধ্যে সবচেয়ে বেশি আলোচনায় এসেছে কতদিন পর্যন্ত টিকার প্রভাব থাকবে□ কারণ সকলেই জানেন, ভ্যাকসিন আজীবন কোভিড -১৯ এড়ানোর গ্যারান্টি দেয় না, তবে কিছু সময়ের জন্য সংক্রমণের বিরুদ্ধে লড়াই করা যায় । আজকাল মানুষের মনে প্রশ্ন দেখা দিয়েছে, টিকা নেওয়ার পর কতদিন শরীরে এর প্রভাব থাকবে□ অথবা যিনি টিকা নিয়েছেন, তাঁর শরীরে প্রতিরোধ ক্ষমতা কত দিন পর্যন্ত থাকবে□ জেনে নিন-

ভ্যাকসিন কেন গুরুত্বপূর্ণ□ সম্প্রতি, কিছু বিজ্ঞানী এই বিষয়টি নিয়ে গবেষণা করেছেন। যেখানে জানা গিয়েছে টিকা নিলে মানুষের শরীরে সংক্রমণ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি পায়। বিশেষজ্ঞদের মতে, যে সমস্ত লোকেরা করোনায় সংক্রামিত হয়েছেন তাঁদের ভ্যাকসিন ডোজ নেওয়ার পর কোভিড -১৯ এর সঙ্গে লড়াই করার ক্ষমতা বৃদ্ধি পায়। এবং পুনরায় সংক্রমণের ঝুঁকি থেকে অনেকাংশে হ্রাস করে। অতএব, এই ভ্যাকসিনের দু'টি ডোজ শরীরে অনাক্রম্যতা বিকাশের জন্য প্রয়োজনীয় বলে তাঁরা মনে করেন।

টিকা এবং প্রতিরোধ ক্ষমতা: গবেষণা কী বলছে□ আমেরিকান সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন টিকা দেওয়ার পরে ৪০০০-এরও বেশি স্বাস্থ্যকর্মী এবং সামনের সারির কোভিড যোদ্ধাদের নিয়ে গবেষণা করা হয়েছে। গবেষণায় দেখা গিয়েছে যে ফাইজার-বায়োএনটেক এবং মডার্নার ভ্যাকসিনগুলি সংক্রমণ প্রতিরোধে ৮০% পর্যন্ত কার্যকর। এর পর যখন দ্বিতীয় ডোজ দেওয়া হয় তখন এর প্রভাব ৯০% হয়ে যায়। একই সময়ে, ভারতের সিরাম ইনস্টিটিউট থেকে কোভিশিল্ডের উপরও গবেষণা করা হয়। সেখানে দেখা যায় যাদের কোভিশিল্ড দেওয়া হয়েছে তাদের প্রতিরোধ ক্ষমতা ৯০% পর্যন্ত কার্যকর হয়েছে। টেক্সাস বিশ্ববিদ্যালয়ের মেডিকেল ব্রাঞ্চের এক্সপেরিমেন্টাল প্যাথলজি গ্র্যাজুয়েট প্রোগ্রামের পরিচালক জেরেমি জানিয়েছেন, যুক্তরাষ্ট্রে মডার্নার এবং ফাইজার দ্বারা তৈরি ভ্যাকসিন কোভিড -১৯ সংক্রমণের প্রতিরোধ ক্ষমতা বাড়িয়ে দিতে পারে দু থেকে তিন বছরের জন্য।

ভ্যাকসিনের প্রভাব কতদিন স্থায়ী হয়□ ফাইজার-বায়োএনটেক ভ্যাকসিনের তৃতীয় পর্যায়ের গবেষণায় বিজ্ঞানীরা আবিষ্কার করেছেন যে, ছয় মাস পর্যন্ত মারণ ভাইরাস থেকে মানুষকে রক্ষা করতে পারে এই ভ্যাকসিন। আবার কিছু ভ্যাকসিনের প্রভাব ছয় মাস থেকে এক বছর ধরে স্থায়ী হয় বলে জানিয়েছেন বিশেষজ্ঞরা। ঈউঈ-র ভ্যাকসিন কোভিড -১৯ এর বিরুদ্ধে সুরক্ষার জন্য টিকা ১০০% পর্যন্ত কার্যকর বলে জানিয়েছেন বিশেষজ্ঞরা।

করোনাকালে মাস্ক তো পরছেন, সেটা কখন বদলাতে হবে জানেন তো□ করোনভাইরাস থেকে রক্ষা পাওয়ার জন্য সকলেরই টিকা নেওয়ার প্রয়োজন। তবে, বয়স্কদের ব্যক্তিদের প্রথমেই টিকা দিতে বলা হয়। কারণ, প্রবীণদের প্রতিরোধ ক্ষমতা তরুণদের তুলনায় অনেক কম। তাই সরকারের তরফ থেকে আগে প্রবীণদের টিকা নেওয়া দরকার।

গরমে অ্যাকনের প্রকোপ□

ঘরোয়া টোটকা ট্রাই করুন আর দেখুন ম্যাজিক...

গবেষকেরা এই প্রসঙ্গে জানিয়েছেন যে, আমাদের ত্বকে ব্যাকটেরিয়া হামলার আসল কারণ হল শরীরে অক্সিজেনের অভাব। আমাদের ত্বকে যখনই অক্সিজেনের অভাব ঘটে, তখনই ব্যাকটেরিয়ার হামলা হয়। আর তখনই ব্রন, অ্যাকনের মতো ত্বকের সমস্যা দেখা দেয়। তাই, ব্রন, অ্যাকনের হাত থেকে মুক্তি পেতে হলে অবশ্যই খেয়াল রাখবেন, যেন ত্বকে অক্সিজেনের ঘাটতি না হয়। তার জন্য ত্বকের উপরিভাগ পরিস্কার থাকা খুবই প্রয়োজন। ত্বকে রোমকূপে যদি ময়লা জমে থাকে, তাহলে ত্বকের কোষে অক্সিজেন পৌঁছতে পারে না। তাই, তেল-মশলা যুক্ত খাবার যতটা সম্ভব কম খেতে হবে এবং ত্বক নিয়মিত পরিস্কার রাখতে হবে। তবে, গরমে পুদিনা পাতা যেমন আমাদের শরীর ঠান্ডা করতে কাজে আসে, ঠিক তেমনই নাছোড় অ্যাকনের সমস্যাও দূর করে। কেমন করে ত্বকে প্রয়োগ করবেন পুদিনা□ জেনে নিন...

অ্যাকনেতে পুদিনার পেস্ট লাগান- ১০-১৫টি পুদিনা পাতা নিয়ে নিন এবং সামান্য জল মিশিয়ে পেস্ট তৈরি করে নিন। যেখানে অ্যাকনের সমস্যা রয়েছে, সেখানে এই পেস্ট লাগিয়ে নিন। শুকিয়ে গেলে উষ্ণ জলে ধুয়ে নিন।

গোলাপ জল ও পুদিনা পাতা- জলের বদলে এক টেবিল চামচ গোলাপ জল এবং এক মুঠো ফ্রেশ পুদিনা পাতা বেটে একটি পেস্ট তৈরি করুন। এবার আগের বারের মতই পেস্টটি অ্যাকনের ত্বকে লাগিয়ে নিন। আধ ঘন্টা পর ঠান্ডা জলে মুখ ধুয়ে ফেলুন। পুদিনা পাতা ত্বকের জীবাণু নাশ করে অন্য দিকে গোলাপ জল ত্বকের আর্দ্রতা ও লাবণ্য ধরে রাখে। প্রতিদিন এই টোটকাটি কাজে লাগালে অ্যাকনের সমস্যা দূর হবেই।

পুদিনা পাতা ও টক দই- এক মুঠো তাজা পুদিনা পাতা, এক টেবিল চামচ জল ঝরানো টক দই আর এক টেবিল চামচ শসার রস মিশিয়ে একটি পেস্ট তৈরি করে নিন। এবার এই পেস্টতি মুখে ও শরীরের অন্য কোনও অংশে অ্যাকনে থাকলে সেখানে লাগিয়ে নিন। শুকিয়ে গেলে ধুয়ে ফেলুন। সপ্তাহে তিন বার এই ঘরোয়া টোটকাটি ট্রাই করুন।

পুদিনা পাতা ও মুলতানি মাটি- যেহেতু তৈলাক্ত ত্বকে অ্যাকনের সমস্যা বেশি দেখা যায়, কাজেই পুদিনা পাতার সঙ্গে মুলতানি মাটি মিশিয়ে সেই ফেস প্যাকও লাগাতে পারেন। পুদিনা পাতা জীবাণু নাশ করে, কাজেই ত্বকের গভীরে ময়লা জমে অ্যাকনে তৈরি হবে না, অন্য দিকে মুলতানি মাটি ত্বকের অতিরিক্ত তেল শুষে নেয়, ফলে ধুলো-ময়লা বা অন্যান্য প্রসাধনী ত্বকে আটকে থাকতে পারে না। এই ফেস প্যাক তৈরি করতে জলের বদলে সামান্য টক দই নিতে পারেন। এতে ত্বকের অতিরিক্ত সেবাম ক্ষরণ কম হবে।

আম খেলে কি ওজন বাড়ে□

বিশেষজ্ঞরা কী বলছেন, জেনে নিন...

গরম এসে গিয়েছে। অনেকের কাছে এই ঋতুর সবচেয়ে বড় আকর্ষণ হল আম। বেশির ভাগ বাঙালিই গরমকালে আম খাওয়ার অপেক্ষায় থাকেন। কিন্তু এই নিয়ে রয়েছে হাজার প্রশ্ন। যাঁরা ওজন নিয়ে সচেতন, তাঁরা মনে করেন আম খেলে ওজন বাড়তে পারে। আদতে কি সত্যি□ কী বলছেন বিশেষজ্ঞরা, জেনে নিন...

আম খেলে কি শর্করা বাড়ে□

আমে যথেষ্ট শর্করা আছে। ডায়াবেটিস রোগীদের শর্করা পরিমাপ করে খাওয়া উচিত। আমের গ্লাইসেমিক ইনডেক্স মাঝারি মাত্রার, ৬০ থেকে ৮৫। বেশি আম খেলে তাই রক্তে শর্করা বেড়ে যেতে পারে। পাকা মিষ্টি আম একজন ডায়াবিটিস রোগী দৈনিক ৩০ থেকে ৪০ গ্রাম খেতে পারেন। মানে প্রতিদিন একটি ছোট আম বা অর্ধেক মাঝারি আম খাওয়া যাবে। অন্যান্য শর্করা (যেমন-ভাত) কমিয়ে দিয়ে এ সময় খাদ্যতালিকায় আম যুক্ত করা যায়।

সত্যিই কি ওজন বাড়ে□

আমে ক্যালরির পরিমাণ ভালোই। তাই যাঁরা ক্যালরি মেপে খান বা ডায়েট করেন, তাঁরা দৈনিক খাদ্যতালিকা থেকে আমের ক্যালরি পরিমাণ খাবার বাদ দিতে পারেন। এতে ওজন বাড়ার আশঙ্কা থাকে না। আম খেলে দ্রুত পেট ভরে ঠিকই, কিন্তু এটি দ্রুত হজম ও শোষণও হয়ে যায়। যাঁরা ডায়েট করছেন, তাঁদের আম সীমিত পরিমাণে খেতে হবে। বিশেষজ্ঞদের কথায়, আমের শরবত, আইস ক্রিম, আমের চাটনি খেলে অবশ্যই মেদ বাড়বে। কারণ এতে অতিরিক্ত চিনি যোগ করা হয়। কিন্তু তাজা আম খেলে এমন সমস্যা কম।

হৃদ্-রোগীরা আম খেতে পারবেন□

পটাশিয়াম ও ম্যাগনেসিয়াম হৃদ্□রোগীদের জন্য উপকারি। তাই ডায়াবেটিস বা কিডনি রোগ না থাকলে হৃৎপিণ্ড সুস্থ রাখতে আম খাওয়া ভালো। এ ক্ষেত্রে চিকিৎসকের পরামর্শ নেওয়া ভালো।



ওয়ানপ্লাস ৯আর ৫জি স্মার্টফোন

গুয়াহাটি : ওয়ানপ্লাস ৯ সিরিজে নতুন সংযোজন হিসেবে এল ওয়ানপ্লাস ৯আর ৫জি। কার্বন ব্ল্যাক ও লেক ব্লু এই দুই রঙে ফোনটি পাওয়া যাবে ১৪ এপ্রিল, অ্যামাজন প্রাইম মেম্বারদের জন্য অ্যামাজন-ডট-ইনে, ওয়ানপ্লাস রেড কেবল ক্লাব মেম্বারদের জন্য ওয়ানপ্লাস-ডট-ইনে ও ওয়ানপ্লাস স্টোর অ্যাপে। ওপেন সেল শুরু হবে ১৫ এপ্রিল - অ্যামাজন-ডট-ইন, ওয়ানপ্লাস-ডট-ইন, ওয়ানপ্লাস স্টোর অ্যাপ, ওয়ানপ্লাস এক্সক্লুসিভ অফলাইন স্টোরসমূহ ও পার্টনার আউটলেটগুলিতে। ওয়ানপ্লাস ৯আর ৫জি-তে রয়েছে কোয়ালকম স্যাপড্রাগন ৮৭০ মোবাইল প্লাটফর্ম, ডুয়াল স্টিরিয়ো স্পিকার, ৩ডি সাউন্ডস্কেপ ও ডলবি আটমস অডিয়ো। এর মেইন ক্যামেরায় রয়েছে কাস্টমাইজড ৪৮এমপি সোনি আইএমএক্স৫৮৬ সেন্সর। এছাড়া রয়েছে একটি ৫এমপি ম্যাক্রো লেন্স ও একটি ডেডিকেটেড মোনোক্রোম ক্যামেরা। এই ফোনে আছে অক্সিজেনওএস ১১, টার্বো বুস্ট ৩.০। ৪৫০০এমএএইচ ব্যাটারিযুক্ত ফোনটি পুরো একদিন চলার মতো চার্জ হয়ে যায় মাত্র ১৫ মিনিটে।

মোবাইল হাতে নিয়েই নানা কাজ করছেন□ রয়েছে প্রাণের ঝুঁকি, বলছে সমীক্ষা

নয়াদিল্লি: উন্নত বিশ্বে এবং স্যাটেলাইটের যুগে প্রতি দিনের প্রয়োজনীয় গ্যাজেট হল সেলফোন। কিন্তু, এই সেলফোন বাড়াচ্ছে মানুষের প্রাণের ঝুঁকি। এরকম অনেক তথ্য উঠে এসেছে যেখানে মানুষ ফোনের দিকে তাকিয়ে হেঁটে যেতে যেতে কোনও পোলে বা গাড়ির সঙ্গে ধাক্কা লেগে আঘাত পাচ্ছেন, কখনও সেই আঘাত আরও গুরুতর হয়ে উঠছে। কারণ, ফোনে ব্যস্ত থাকা অবস্থায় বা মেসেজ দেখার সময় মানুষ বিভ্রান্ত হয়ে যাচ্ছে। সোশ্যাল মাধ্যমের দৌলতে এমন অনেক ভিডিও আমাদের সামনে আসে যেখানে এমন ঘটনার প্রমাণ আমরা বহু পেয়ে থাকি। সম্প্রতি একটি ভিডিওতে দেখা যায় যে একজন মহিলা নিজের ফোনের দিকে তাকিয়ে মলের মধ্যে হাঁটতে হাঁটতে ফোয়ারার মধ্যে পড়ে যান। স্পেনের মাদ্রিদে এমনই আরও একটি ঘটনা সামনে আসে, যেখানে এক মহিলাকে সরাসরি একটি মেট্রো রেলের প্ল্যাটফর্মের ট্র্যাকের মধ্যে চলে যেতে দেখা যায়। পুরো ভিডিও দেখে বোঝা যায়, ওই মহিলা সেই মুহূর্তে সম্পূর্ণ মোবাইলের মধ্যেই ঢুকে ছিলেন। তিনি বুঝতেই পারেননি যে প্ল্যাটফর্মটি কোথায় শেষ হয়েছে। বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) রিপোর্ট অনুসারে, “মোবাইল ফোন মানুষের জীবনে ব্যাঘাত ঘটাচ্ছে। রাস্তায় দিয়ে চলার সময় সুরক্ষা কমাচ্ছে। বিশেষ করে গাড়ির চালকরা যখন মোবাইল ফোন ব্যবহার করছে, সেই মুহূর্তে দুর্ঘটনার সম্ভাবনা চারগুণ বেশি থাকছে।” Pew Research reporঃ অনুসারে, ৪৯% প্রাপ্তবয়স্ক ড্রাইভাররা প্যাসেঞ্জার নিয়ে যাওয়ার সময় মোবাইলে মেসেজ পাঠাতে বা দেখতে ব্যস্ত থাকেন। সেক্ষেত্রে, ৪৪% প্রাপ্তবয়স্ক যাত্রীদের অভিযোগ যে ড্রাইভারের এই ব্যবহারের কারণে তাদেরকে নানাধরনের অসুবিধার সম্মুখীন হতে হয়েছে। সেপ্টেম্বর ২০০৯-এর সার্ভে অনুযায়ী ৩৪% কিশোর-কিশোরীরা যাঁদের বয়স ১৬-১৭ এর মধ্যে তাঁরাও গাড়ি চালানোর সময় ‘মেসেজে ব্যস্ত থাকেন।’ সমীক্ষায় পাওয়া গিয়েছে, ১৭% এমন প্রাপ্তবয়স্ক রয়েছেন যাঁরা গাড়ি চালানোর সময় নিজেদের সেলফোনে ব্যস্ত থাকেন। এর জেরে প্রায়শই দুর্ঘটনা ঘটে থাকে। এছাড়াও ১৪% আমেরিকান নাগরিক একইপ্রকার দুর্ঘটনার সম্মুখীন হয়েছে।

২০২০ সালে দেশে দ্রুত হারে বেড়েছে অ্যাপের বাজার, এগিয়ে এডুকেশন অ্যাপের ক্ষেত্র!

নয়াদিল্লি: ২০২০ সালে দেশের অ্যাপের বাজারে দ্রুত হারে বৃদ্ধি দেখা গিয়েছে। এক্ষেত্রে সব চেয়ে বেশি হারে বৃদ্ধি পেয়েছে এডুকেশন অ্যাপের বাজার। সম্প্রতি এমনই জানাল মোবাইল মার্কের রিসার্চ সংস্থা Adjust। সংস্থার তরফে জানানো হয়েছে, ২০১৯ সালের তুলনায় গত বছর প্রায় ৪৯ শতাংশ বৃদ্ধি দেখা গিয়েছে মোবাইল অ্যাপের বাজারে। আর এই পরিসংখ্যানে শীর্ষে রয়েছে এডুকেশন অ্যাপ। পাল্লা দিয়ে বৃদ্ধি পেয়েছে গেমিং অ্যাপের বাজারও। মোবাইল মার্কেটিং অ্যাসোসিয়েশন ইন্ডিয়ার তথ্য অনুযায়ী, দেশে বর্তমানে ৭০০ মিলিয়ন মোবাইল ফোন সাবস্ক্রাইবারের পাশাপাশি ৪৫১ মিলিয়ন ইন্টারনেট ইউজার রয়েছে। তবে ই-কমার্স অ্যাপে প্রত্যাশিত বৃদ্ধি দেখা যায়নি। রিপোর্টে বলা হয়েছে, ২০২০ সালের শুরুর কয়েকটি মাস বাদে তাণ্ডব চালিয়েছে করোনা। এর জেরে বিশ্বের অধিকাংশ মানুষ গৃহবন্দী ছিলেন। অধিকাংশ দেশকেই লকডাউনের পথে হাঁটতে হয়েছে। এই পরিস্থিতিতে ভার্চুয়াল পৃথিবীতেই অভ্যস্ত হয়ে উঠেছেন মানুষজন। অনলাইন মাধ্যমগুলির রমরমা বেড়েছে। কিন্তু সেই মতো প্রভাব ফেলতে পারেনি ই-কমার্স অ্যাপগুলি। ২০২০ সালে ই-কমার্স অ্যাপে তুলনামূলক কম বৃদ্ধি দেখা গিয়েছে।

ভারতে এল আসুস জেনবুক ডুয়াল স্ক্রিন ল্যাপটপ

গুয়াহাটি: তাইওয়ানিজ টেক জায়ান্ট আসুস তাদের জেনবুক রেঞ্জে নতুন সংযোজন হিসেবে লঞ্চ্ করল জেনবুক ডুয়ো ১৪ ও জেনবুক প্রো ডুয়ো ১৫ ওএলইডি ল্যাপটপ। এই ল্যাপটপ দুটিতে রয়েছে ফোর-সাইডেড ফ্রেমলেস ন্যানোএজ ডিসপ্লে-সহ ডুয়াল ডিসপ্লে এবং আল্ট্রা স্লিম বেজেলস। আসুস-এর নতুন ল্যাপটপগুলির ডিজাইনে পোর্টাবিলিটি-সহ নজর দেওয়া হয়েছে ক্রিয়েটর ও অন্যান্য ব্যবহারকারীদের সুবিধার দিকে, বিশেষকরে যারা মাল্টিপল ডিসপ্লেতে কাজ করা পছন্দ করেন।

১৪ এপ্রিল থেকে জেনবুক ডুয়ো (ইউএক্স৪৮২) পাওয়া যাবে প্রারম্ভিক মূল্য ৯৯,৯৯০ টাকায়। মধ্য-মে থেকে জেনবুক প্রো ডুয়ো ১৫ ওএলইডি (ইউএক্স৫৮২) পাওয়া যাবে ২,৩৯,৯৯০ টাকায়। এই ল্যাপটপগুলি সংগ্রহ করা যাবে অ্যামাজন, ফ্লিপকার্ট, আসুস এক্সক্লুসিভ স্টোর্স, অফলাইন চ্যানেল পার্টনার্স, রিলায়েন্স ডিজিটাল, ক্রোমা ও বিজয় সেলস থেকে।

সোনির নতুন ব্রাভিয়া এক্স৮০জে টিভি

কলকাতা : আইপিএল সিজনের গোড়াতেই সোনি ইন্ডিয়া নিয়ে এল ৪কে আল্ট্রা এইচডি এলইডি ডিসপ্লে-সহ নতুন এক্স৮০জে গুগল টিভি সিরিজ। ৯ এপ্রিল থেকে কেডি-৬৫এক্স৮০জে টিভি পাওয়া যাচ্ছে সকল সোনি সেন্টার, মুখ্য ইলেক্ট্রনিক স্টোর্স ও ইকমার্স পোর্টালগুলিতে। বেস্ট বাই প্রাইস - ১৩০কে (প্রায়)।

সোনির নতুন এক্স৮০জে টিভি সিরিজ পাওয়া যাচ্ছে ১৮৯সিএম (৭৫), ১৬৫সিএম (৬৫), ১৪০সিএম (৫৫), ১২৬সিএম (৫০) ও ১০৮সিএম (৪৩) সাইজে। ব্রাভিয়া এক্স৮০জে টিভিগুলি গুগল টিভির সঙ্গে অবিরাম সংযোগের ফলে দেবে ৭০০,০০০টিররও বেশি মুভি ও টিভি এপিসোড ব্রাউজিংয়ের সুবিধা। এছাড়া, দর্শকরা টিভি রিমোট ব্যবহার না করেই টিভির সঙ্গে সরাসরি কথা বলতে পারবেন গুগল অ্যাসিস্ট্যান্টের মাধ্যমে, ফলে তারা সহজেই আরও তাড়াতাড়ি টিভি শো, মুভি ইত্যাদি চালাতে পারবেন। ব্রাভিয়া এক্স৮০জে লাইন-আপে রয়েছে ডলবি ভিশন ও ডলবি আটমস, যেকারণে সিনেমাটিক এক্সপিরিয়েন্স লাভ করা এবং সবদিক থেকে শব্দ আসা সম্ভব হয়।

কমেড-কে ইউগেট এন্ট্রান্স এগ্‌জাম

কলকাতা : একটি কম্বাইন্ড এগ্‌জামিনেশন হিসেবে কমেড-কে ইউগেট (COMEDK UGET) ও ইউনি-গেজ (Uni-GAUGE) এন্ট্রান্স পরীক্ষা হতে চলেছে আগামী ২০ জুন। কর্ণাটক প্রফেশনাল কলেজেস ফাউন্ডেশন ট্রাস্ট ও ইউনি-গেজ মেম্বার ইউনিভার্সিটি গুলির অনুমোদিত কলেজ গুলিতে বি. ই/বি.টেক পাঠক্রমে ভর্তির জন্য এই প্রবেশিকা পরীক্ষা। ভারতের ১৫০টিরও বেশি শহরে ৪ শতাধিক টেস্ট সেন্টারে অনলাইনেপরীক্ষা নেওয়া হবে। আশা করা হচ্ছে এ বছর ৮০,০০০-এরও অধিক ছাত্রছাত্রী এই পরীক্ষায় বসবে। ২২ মার্চ থেকে ২০ মে পর্যন্ত অনলাইন পদ্ধতিতে ভর্তির জন্য আবেদন কারীদের নাম নথি ভুক্ত করতে হবে এখানে: www.comedk.org অথবা www.unigauge.com।

কমেড-কে- ইউনি-গেজ হল ভারতের দ্বিতীয় বৃহত্তম মাল্টি-ইউনিভার্সিটি প্রাইভেট ইঞ্জিনিয়ারিং এগ্‌জাম। এর ফলাফল ১৮০টিরও অধিক ইনস্টিটিউশন ও ৩০টিরও বেশি ইউনিভার্সিটিতে গ্রহণযোগ্য। ১৫০টি শহরে ৪০০ পরীক্ষা কেন্দ্র-সহ এইএন্ট্রান্স এগ্‌জাম যথেষ্ট সুনাম অর্জন করেছে। আবেদন প্রক্রিয়া ও পরীক্ষা পরিচালিত হবে অনলাইনে। অনলাইন পরীক্ষা ও আবেদন প্রক্রিয়ার ব্যাপারে বিশদে জানার জন্য শিক্ষার্থীদের যোগাযোগ করতে হবে এখানে: www.comedk.org অথবা www.unigauge.com।

শঙ্কর ঘরানার প্রতি জুবিনের শ্রদ্ধাঞ্জলী



কলকাতা : জুবিন এক স্বাধীন শিল্পী। তিনি বিভিন্ন প্রকল্পের জন্য সঙ্গীত ও ভিস্যুয়াল কনসেপ্ট সৃষ্টি করে থাকেন, এমনকি আন্তর্জাতিক প্রকল্পের জন্যও। জুবিনের অভিজ্ঞতা সংগৃহিত হয়েছে উদয়নের (বর্তমানে উদয়ন কলাকেন্দ্র) উদয়শঙ্কর ড্যান্স স্টাইলের সঙ্গে তাঁর সম্পর্ক থেকে। তাঁর এই অভিজ্ঞতাসঞ্জাত দক্ষতা ব্যবহার কওে তিনি ভিস্যুয়াল কনসেপ্টের মিশ্রণকে পৌঁছে দিয়েছেন তাঁর জুবিনআর্ট নামের আর্ট ফর্মে। সেখান থেকেই এই 'ডিভাইন ইমোশন' কম্পোজিশন ট্র্যাক নির্মিত হয়েছে। সারা বিশ্বের সামনে তা তুলে ধরার উদ্যোগ নিয়েছে অমরা মিউজিক।

জুবিনের নিজের কথায়, 'ডিভাইন ইমোশন' কম্পোজিশনটি তাঁর কাছে একটা বিশেষ ব্যাপার। এই প্রকল্প রূপায়ণের কাজে তিনি হাত মিলিয়েছেন ড. সুবীর রায় (ফ্লুট), অর্ণব ভট্টাচার্য্য (সরোদ), সৌমাল্য চক্রবর্তী (সেতার), পুষ্পেন্দু চ্যাটার্জি (এস্রাজ), কৌশিয় রায় (ভায়োলিন), কিংশুক চক্রবর্তী (পারকাসনস), কুণাল বিশ্বাস (বাস), সার্থক সেন (তবলা), দীপশ্রী ও অঙ্গিরা মান্না (নৃত্য) ও শৌর্য্য মুখার্জির সঙ্গে (ক্যামেরা)। ম্যাজিক স্টুডিয়োর মৈনাক কর্মকার ও বিমান রায়কে অ্যারেঞ্জমেন্ট ও মাস্টারিংয়ের জন্য তিনি ধন্যবাদ জানিয়েছেন। উল্লেখ্য, লকডাউন চলাকালীন শুরু হওয়া 'ডিভাইন ইমোশন' প্রকল্পটির জন্য সংশ্লিষ্ট সকলে খুবই উৎসাহের সঙ্গে তাঁকে সাহায্য করেছেন।

শিক্ষার্থীদের জন্য এইচসিএল জিগ্‌স

কলকাতা: ষষ্ঠ থেকে নবম গ্রেডের ছাত্রছাত্রীদের জন্য এইচসিএল নিয়ে এসেছে 'এইচসিএল জিগ্‌স' প্রতিযোগিতা। এই 'প্রিমিয়ার ক্রিটিক্যাল রিজনিং প্লাটফর্মের' মাধ্যমে শিক্ষার্থীদের একবিংশ শতাব্দীর উপযুক্ত দক্ষতা যাচাই করা হবে। এর উদ্দেশ্য, দেশে সমস্যা সমাধানের এক সংস্কৃতি গড়ে তোলা। এই চ্যাম্পিয়নশিপের জন্য রেজিস্ট্রেশন চলছে। আগ্রহী ছাত্রছাত্রী বা স্কুলগুলি অনলাইনে (www.hcljigsaw.com) রেজিস্টার করতে পারবে। এই প্যান-ইন্ডিয়া প্রতিযোগিতাটি ভার্চুয়ালি দু'টি রাউন্ডে হবে: কোয়ালিফায়ার (২৪-২৭ জুন) ও ফিনালে (১৭ ও ১৮ জুলাই)। অংশগ্রহণকারীরা ১৬ লক্ষ টাকা মূল্যের পুরস্কার ও গ্যাজেট জেতার সুযোগ পাবে। 'এইচসিএল জিগ্‌স' অংশগ্রহণকারী ছাত্রছাত্রীদের তিনটি প্রাথমিক বিষয়ে ১০টি উল্লেখযোগ্য প্যারামিটারের মাধ্যমে পরীক্ষা করবে। এগুলিই হবে সমস্যা সমাধান প্রক্রিয়ার মুখ্য বিষয়। 'এইচসিএল জিগ্‌স' পরিচালিত হবে দুইটি রাউন্ডে। প্রথমটি হল কোয়ালিফায়ার স্টেজ, যা হবে প্যান-ইন্ডিয়া অনলাইন-অলিম্পিয়াডের মাধ্যমে। প্রতি গ্রেডের ২০ পার্সেন্টাইল শিক্ষার্থী 'এইচসিএল জিগ্‌স' ফিনালের যোগ্য বলে বিবেচিত হবে। প্রতি গ্রেডের ১২ জন ছাত্রছাত্রীকে 'এইচসিএল জিগ্‌স'র ফার্স্ট এডিশনের জয়ী বলে ঘোষণা করা হবে। তাদের উপহার হিসেবে প্রাইজ ও গ্যাজেটস দেওয়া হবে। এছাড়াও বিজয়ীরা এইচসিএল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ইনোভেশন ল্যাবসে রিয়াল ওয়ার্ল্ড প্রোজেক্টসে শিক্ষা গ্রহণের সুযোগ পাবে।

রজত জয়ন্তী বর্ষ উদযাপন
পূর্বোত্তর
১৯৯৬ সন থেকে প্রকাশিত
উত্তর-পূর্বের অগ্রণী বাংলা পাক্ষিক পত্রিকা

ADVERTISEMENT TARIFF
With effect from 1st April 2021

☎: 0353-2431015, : 9593200246
e-mail : contact@purbottar.in, www.purbottar.in

Celebrating Glorious 25 years
PURBOTTAR
Since 1996
Bengali fortnightly from Cooch Behar

MECHANICAL DATA:

Print area	: 34 CM X 245 CM
Width of columns	: 4 CM
Length of the columns	: 34 CM
Columns per page	: 6
Space between columns	: 0.2 CM
Printing process	: OFFSET
Number of pages	: 8

Advertisement materials are required in digital format & file in- .pdf/.tif format.

ADVERTISEMENT RATE

B/W Display/Tender	: 65.00 per sqcm.
Colour Display/Tender	: 85.00 per sqcm.
Classified Display	: 24.00 per sqcm.
Classified	: Rs. 5 per Words
Ear Panel in Colour	: 250.00 per insertions (4cm x 4cm)
Annual Advertisements	: B/W 25.00 & Colour 30.00 per sqcm.
Premium	: 50% Extra for Front Pages

Minimum Size of Advertisements:-

Front page Advertisements	: 80 sqcm.
Other pages	: 20 sqcm.

ABOUT US:

Purbottar is a popular Bengali Forthnightly published from Cooch Behar, Since 1996 with following details:

Formate	: Tabloid
Registration Number	: 71057/96
Language	: Bengali
Place of Publication	: Dawaguri, Kolerpar, Cooch Behar
Publishing Day	: Every Alternate Friday
Circulation	: 15239 copies per issue
Editor, Publisher & Printer	: Sandipan Pandit
Price of Regular Issue	: Rs. 3.00

CONTACTS:

BUSINESS OFFICE:
16, Bidhan Road, 1st Floor, Opp. Gostho Paul Statue
Siliguri-734001, West Bengal, Tele-Fax: 0353-2431015

Registered Office & Published From:
P.O.+Vill: Dawaguri, Kolerpar, Cooch Behar-736156
West Bengal, Mobile: 9593200246

Editorial Office:
5, Tribitta Sarani, P.O.+Dist.: Cooch Behar
West Bengal-736156, Mobile: 9434803210

সেঞ্চুরি নাজমুলের

নিজস্ব সংবাদদাতা: ক্যান্ডিতে শ্রীলঙ্কার বিরুদ্ধে প্রথম টেস্টের প্রথম দিনেই ম্যাচের রাশ নিজেদের হাতে রেখে দিল বাংলাদেশ। নাজমুল হোসেন শান্ত এবং মোমিনুল হকের দুর্দান্ত ব্যাটিংয়ের সুবাদে বাংলাদেশের স্কোর ৩০২-২।

বুধবার পাল্লেকেলে স্টেডিয়ামে পুরো দিন আকর্ষণের কেন্দ্রবিন্দুতে থেকে গেলেন নাজমুল এবং মোমিনুল। তৃতীয় উইকেটে অবিচ্ছিন্ন ১৫০ রান যোগ করে এই জুটি চাপেই রেখে দিল দিমুথ করুণারত্নের দলকে। নাজমুল অপরাজিত ১২৬ রানে। সঙ্গী মোমিনুলের নামের পাশে লেখা ৬৪। নাজমুলের তাঁর ২৮৮ বলে অপরাজিত ১২৬ রানের ইনিংসে রয়েছে ১৪টি বাউন্ডারি এবং একটি ছয়। যদিও ব্যক্তিগত ২৮ রানের মাথায় তাঁর ক্যাচ ফেলে দেন উইকেটকিপার নিরোসন

১৮ রানে জিতল ধোনির চেন্নাই সুপার কিংস

নিজস্ব সংবাদদাতা: প্রতি ম্যাচেই কলকাতাকে নিত্য নতুন লজ্জা উপহার দিচ্ছে নাইট রাইডার্স। ব্যাটিং,বোলিং,ফিল্ডিং সব বিভাগে প্রতিদিন ব্যর্থ হচ্ছে অইন মর্গ্যানের দল। ২২০ রান তাড়া করে এই দলটা জিততে পারবে, সেটা হয়তো বেগুনী বাহিনীর অতি বড় সমর্থক পর্যন্ত ভাবতে পারেননি। কিন্তু একটা লড়াই তো থাকবে! নেতিবাচক বোলিং ও ফিল্ডিং দেখে ব্যাটসম্যানরাও যেন হারার আগেই হেরে বসেছিলেন। সেটা তো স্কোর বোর্ড দেখলেই বোঝা যায়। মাত্র ৩১ রানে চলে গেল ৫ উইকেট। এর মধ্যে দীপকের দখলে ৪ ও এনগিডি ১ উইকেট নিয়ে নাইটদের আইসিইউতে পাঠিয়ে দিলেন। গত ১৬ এপ্রিল ১৩ রানে ৪ উইকেট নিয়ে পঞ্জাব কিংসকে শেষ করে দিয়েছিলেন দীপক। বুধবার রাতে ২৯ রানে ৪ উইকেট। যদিও সেটা ৩ ওভারে ১৬ রানে ৪ উইকেট ছিল। নিজের শেষ ওভারে কার্তিক ও রাসেল তাঁর বিরুদ্ধে ১৩ রান নেন। দুজন মিলে অসম লড়াই লড়লেন। তবে সেটা দীর্ঘ স্থায়ী হল না। রাসেল ২২ বলে ৫৪ রানে স্যাম কারেনের বলে ফিরতেই ভাঙল ৮১ রানে জুটি। কার্তিক ফিরলেন ৪০ রানে।

শুরুটা করলেন দুই ওপেনার ঋতুরাজ গায়কোয়াড় ও ফ্যাফ দু'প্লেসি। নাইটদের ছাল ছাড়িয়ে ১২.২ ওভারে প্রথম উইকেটে দুজন তুলে দিলেন ১১৫ রান। এরপর ঋতুরাজ ৪২ বলে ৬৪ রান করে বরুণ চক্রবর্তীর বলে আউট হলেন। চলতি আইপিএল-এর শুরুতে একেবারেই ছন্দে ছিলেন না। পরপর তিন ম্যাচে ব্যর্থ হয়েছিলেন। তবুও ধোনি এই তরুণের উপর ভরসা রাখেন। অবশেষে অধিনায়কের ভরসার দাম দিয়ে আইপিএল-এ পঞ্চম অর্ধ শতরান করলেন। এই ইনিংসে মারলেন ৬টি চার ও ৪টি ছয়। মুম্বই ইন্ডিয়ান্সের বিরুদ্ধে লজ্জাজনক হারের পর দলের বিরুদ্ধে গর্জে উঠেছিলেন শাহরুখ খান।

তিরন্দাজি বিশ্বকাপে তিন বিভাগে শেষ আটে উঠল ভারত

নিজস্ব সংবাদদাতা: প্রায় দু'বছর পরে তিরন্দাজি বিশ্বকাপে প্রত্যাবর্তনের পরে দুরন্ত ভাবে এগিয়ে চলেছেন ভারতের রিকার্ভ তিরন্দাজরা। গুয়াতেমালা সিটিতে মেয়েদের দল যোগ্যতা অর্জন পর্বে শীর্ষস্থান পেয়েছে। দুর্দান্ত ছন্দ দেখিয়েছেন দীপিকা কুমারি এবং অঙ্কিতা ভকত। পুরুষদের বিশ্বের এক নম্বর ব্র্যাডি এলিসনের পরে দ্বিতীয় স্থান পান অতনু দাস। যা ভারতীয় দলকে তৃতীয় স্থান পেতে সাহায্য করে। ভারতের পুরুষ ও মহিলা দল সরাসরি কোয়ার্টার ফাইনালে খেলার যোগ্যতা অর্জন করেছে। পাশাপাশি মিক্সড বিভাগের শেষ আটে অতনু এবং দীপিকা লড়াই করবেন। বিয়ের পরে এই প্রথম জুটি হিসেবে খেলবেন তাঁরা। "মিক্সড টিম বিভাগ আমার খুব পছন্দের। যদি দীপিকার সঙ্গে খেলার সুযোগ পাওয়া যায়, তা হলে তো কথাই নেই। আমরা প্রথম দম্পতি হিসেবে অলিম্পিক্সে খেলব। তাই দারুণ লাগছে," বলেছেন অতনু। শেষ বার তিনি দীপিকার সঙ্গে জুটিতে এশীয় চ্যাম্পিয়নশিপে ব্রোঞ্জ পান। অতীতে বহু আন্তর্জাতিক খেতাব জিতেছেন দীপিকা-অতনু জুটি। কোয়ার্টার ফাইনালে তাঁরা মুখোমুখি হবেন ফ্রান্সের। শীর্ষবাছাই ভারতের মহিলা দল শেষ আটে আয়োজক গুয়াতেমালার সামনে। পুরুষ দল কোয়ার্টার ফাইনালে লড়াই করবে স্পেন এবং গুয়াতেমালার মধ্যে বিজয়ীর


vivo IPL
2021 SEASON SCHEDULE
IPLT20.COM
vivo IPL AUCTION

MATCH DAY	MATCH NO.	DAY	DATE	TIME	VENUE	HOME	AWAY
1	1	FRI	9-APR-21	07:30 PM	CHENNAI	MUMBAI INDIANS	ROYAL CHALLENGERS BANGALORE
2	2	SAT	10-APR-21	07:30 PM	MUMBAI	CHENNAI SUPER KINGS	DELHI CAPITALS
3	3	SUN	11-APR-21	07:30 PM	CHENNAI	SUNRISERS HYDERABAD	KOLKATA KNIGHT RIDERS
4	4	MON	12-APR-21	07:30 PM	MUMBAI	RAJASTHAN ROYALS	PUNJAB KINGS
5	5	TUE	13-APR-21	07:30 PM	CHENNAI	KOLKATA KNIGHT RIDERS	MUMBAI INDIANS
6	6	WED	14-APR-21	07:30 PM	CHENNAI	SUNRISERS HYDERABAD	ROYAL CHALLENGERS BANGALORE
7	7	THU	15-APR-21	07:30 PM	MUMBAI	RAJASTHAN ROYALS	DELHI CAPITALS
8	8	FRI	16-APR-21	07:30 PM	MUMBAI	PUNJAB KINGS	CHENNAI SUPER KINGS
9	9	SAT	17-APR-21	07:30 PM	CHENNAI	MUMBAI INDIANS	SUNRISERS HYDERABAD
10	10	SUN	18-APR-21	03:30 PM	CHENNAI	ROYAL CHALLENGERS BANGALORE	KOLKATA KNIGHT RIDERS
10	11	SUN	18-APR-21	07:30 PM	MUMBAI	DELHI CAPITALS	PUNJAB KINGS
11	12	MON	19-APR-21	07:30 PM	MUMBAI	CHENNAI SUPER KINGS	RAJASTHAN ROYALS
12	13	TUE	20-APR-21	07:30 PM	CHENNAI	DELHI CAPITALS	MUMBAI INDIANS
13	14	WED	21-APR-21	03:30 PM	CHENNAI	PUNJAB KINGS	SUNRISERS HYDERABAD
13	15	WED	21-APR-21	07:30 PM	MUMBAI	KOLKATA KNIGHT RIDERS	CHENNAI SUPER KINGS
14	16	THU	22-APR-21	07:30 PM	MUMBAI	ROYAL CHALLENGERS BANGALORE	RAJASTHAN ROYALS
15	17	FRI	23-APR-21	07:30 PM	CHENNAI	PUNJAB KINGS	MUMBAI INDIANS
16	18	SAT	24-APR-21	07:30 PM	MUMBAI	RAJASTHAN ROYALS	KOLKATA KNIGHT RIDERS
17	19	SUN	25-APR-21	03:30 PM	MUMBAI	CHENNAI SUPER KINGS	ROYAL CHALLENGERS BANGALORE
17	20	SUN	25-APR-21	07:30 PM	CHENNAI	SUNRISERS HYDERABAD	DELHI CAPITALS
18	21	MON	26-APR-21	07:30 PM	AHMEDABAD	PUNJAB KINGS	KOLKATA KNIGHT RIDERS
19	22	TUE	27-APR-21	07:30 PM	AHMEDABAD	DELHI CAPITALS	ROYAL CHALLENGERS BANGALORE
20	23	WED	28-APR-21	07:30 PM	DELHI	CHENNAI SUPER KINGS	SUNRISERS HYDERABAD
21	24	THU	29-APR-21	03:30 PM	DELHI	MUMBAI INDIANS	RAJASTHAN ROYALS
21	25	THU	29-APR-21	07:30 PM	AHMEDABAD	DELHI CAPITALS	KOLKATA KNIGHT RIDERS
22	26	FRI	30-APR-21	07:30 PM	AHMEDABAD	PUNJAB KINGS	ROYAL CHALLENGERS BANGALORE
23	27	SAT	1-MAY-21	07:30 PM	DELHI	MUMBAI INDIANS	CHENNAI SUPER KINGS
24	28	SUN	2-MAY-21	03:30 PM	DELHI	RAJASTHAN ROYALS	SUNRISERS HYDERABAD
24	29	SUN	2-MAY-21	07:30 PM	AHMEDABAD	PUNJAB KINGS	DELHI CAPITALS
25	30	MON	3-MAY-21	07:30 PM	AHMEDABAD	KOLKATA KNIGHT RIDERS	ROYAL CHALLENGERS BANGALORE
26	31	TUE	4-MAY-21	07:30 PM	DELHI	SUNRISERS HYDERABAD	MUMBAI INDIANS
27	32	WED	5-MAY-21	07:30 PM	DELHI	RAJASTHAN ROYALS	CHENNAI SUPER KINGS
28	33	THU	6-MAY-21	07:30 PM	AHMEDABAD	ROYAL CHALLENGERS BANGALORE	PUNJAB KINGS

স্বত্বাধিকারী, প্রকাশক ও মুদ্রক সন্দীপন পণ্ডিত কতৃক ডাউয়াগুড়ি, কলের পার, জেলাঃ কোচবিহার, পশ্চিমবঙ্গ, ডাক সূচক- ৭৩৬১৫৬ থেকে প্রকাশিত এবং 'জনবার্তা' প্রিন্টিং প্রেস, দক্ষিণ খাগরবাড়ী, জেলাঃ কোচবিহার, পশ্চিমবঙ্গ, ডাক সূচক- ৭৩৬১০১ থেকে মুদ্রিত। ● সম্পাদকঃ সন্দীপন পণ্ডিত ● Printed, Published and Owned by Sandipan Pandit and Printed at 'Janabarta' Printing Press, Dakshin Khagarbari, Dist.: Cooch Behar, West Bengal, PIN Code: 736101 and Published at Dawaguri, Kolerpar, Dist.: Cooch Behar, West Bengal, PIN Code – 736156● Editor: Sandipan Pandit, Tele-Fax : 0353-2431015 Web site : www.purbottar.in, e-mail : contact@purbottar.in RNI No.: 71057/96